অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল তিনটি রূপান্তরমূলক আঞ্চলিক প্রকল্পে সহায়তার জন্য 46.5 মিলিয়ন মার্কিন ডলার লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড ঘোষণা করেছেন

লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ডের মাধ্যমে এখন পর্যন্ত 56.5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে

স্টেট ইনভেস্টমেন্টস কর্মশক্তি প্রশিক্ষণ এবং প্রযুক্তির অগ্রগতিতে 122 মিলিয়ন মার্কিন ডলার লিভারেজ করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা দিয়েছেন যে 350 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড তার পরের তিনটি অনুদানের মোট 46.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজির একটি সেন্টার নির্মাণে ফার্মিংডেল স্টেট কলেজের জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার, লং আইল্যান্ড ইউনিভার্সিটির একটি কলেজ অভ সায়েন্স অ্যাপ্লাইড রিসার্চ অ্যান্ড ইনোভেশন ফ্যাসিলিটি তৈরির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার এবং স্টনি ব্রুক ইউনিভার্সিটির একটি নতুন কোয়ান্টাম ইন্টারনেট টেস্ট বেড নির্মাণের জন্য 6.5 মিলিয়ন মার্কিন ডলার। গভর্নর আরো ঘোষণা করেছেন যে ফার্মিংডেল স্টেট কলেজের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজির নতুন সেন্টারটি স্টেটের মাধ্যমে সম্পূর্ণ অর্থায়ন করা হবে এবং লো ইনকাম ইনভেস্টমেন্ট ফান্ড (LIIF) থেকে 30 মিলিয়ন মার্কিন ডলার ছাড়াও প্রকল্পের জন্য স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক কনস্ট্রাকশন ফান্ড থেকে 45 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে। এই প্রকল্পগুলির মাধ্যমেই লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড 56.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা লং আইল্যান্ডে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করার ক্ষেত্রে সাহায্য করার জন্য সরকারি এবং বেসরকারি ডলারে আরো 122 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা (লিভারেজ) করে এবং এটি লং আইল্যান্ডে শত শত নতুন চাকরি তৈরি করবে এবং শিক্ষা ও হাজার হাজার প্রশিক্ষণে সহায়তা করবে। আজকের ঘোষণাটি লং আইল্যান্ডের মেধাবী কর্মদক্ষতাকে সহায়তার জন্য এবং প্রযুক্তি ও উদ্ভাবনের সেন্টার হিসাবে এর মর্যাদা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় ভিত্তিগত অবকাঠামো তৈরি করে এই অঞ্চলের ভবিষ্যতের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে আবারও প্রদর্শন করে।

"**গভর্নর হোকল বলেছেন,** "লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ডের মাধ্যমে, আমার প্রশাসন লং আইল্যান্ডকে লাইফ সায়েন্স এবং গবেষণা উদ্ভাবনের জন্য আমাদের দেশের প্রধান করিডোর

হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।" "আজ ঘোষিত পুরস্কারগুলি অত্যাধুনিক সেক্টরে (কাটিং-এজ সেক্টর) চাকরি তৈরি করতে সাহায্য করবে, কর্মশক্তির প্রশিক্ষণ বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্কে জাতি-নেতৃস্থানীয় উদ্ভাবনকে সহায়তা করবে৷ যেহেতু আমরা অত্যাধুনিক গবেষণা সুবিধা এবং অবকাঠামোতে আমাদের বিনিয়োগের মাধ্যমে শীর্ষ প্রতিভাকে আকৃষ্ট করি এবং ধরে রাখি তাই লং আইল্যান্ড বর্তমানে সেখানেই যেখানে ভবিষ্যত কল্পনা করা হচ্ছে।"

গভর্নর হোকলের 2023 অর্থবছরের প্রণীত বাজেটের (Enacted Budget) অংশ হিসেবে অন্তর্ভুক্ত, লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলটি এমন প্রকল্পের উপর মনোযোগ দেয় যা আঞ্চলিক অর্থনীতির সমর্থন ও বিকাশ করবে, সম্প্রদায়ের উন্নয়ন করবে এবং পুরো লং আইল্যান্ডে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক প্রভাব ফেলবে। লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড চিকিৎসা ও সংক্রামক রোগ গবেষণায় সহায়তা করার জন্য নতুন অত্যাধুনিক ল্যাব নির্মাণের জন্য ফিনস্টাইন ইনস্টিটিউট ফর মেডিক্যাল রিসার্চকে তার 10 মিলিয়ন মার্কিন ডলারেরপ্রথম অনুদান প্রদান করেছে। এখন পর্যন্ত, লং আইল্যান্ডের অর্থনীতিকে শক্তিশালী করার জন্য ফান্ডটি রূপান্তরমূলক প্রকল্পগুলিকে সহায়তা করে থাকে এমন প্রকল্পগুলির জন্য 56.5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেছেন, "সর্বশেষ লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড প্রকল্পগুলি সমগ্র অঞ্চল জুড়ে রূপান্তরমূলক চাকরি, উচ্চ-শিক্ষা এবং শিল্প বৃদ্ধির সম্ভাবনা প্রদর্শন করে৷ কর্মশক্তি উন্নয়নে বিনিয়োগ করা এবং লং আইল্যান্ডের শীর্ষ-স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব একটি প্রযুক্তি প্রতিভা পাইপলাইন (টেক টেলেন্ট পাইপলাইন) তৈরি করতে সাহায্য করবে যা নিউ ইয়র্ক স্টেটের অন্যতম প্রধান লাইফ সায়েন্স হাবের শিল্পগুলিকে উপকৃত করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান কেভিন ল বলেছেন, "লং আইল্যান্ড হলো অগ্রগামী প্রতিষ্ঠানের আবাস যা উদ্ভাবনী প্রযুক্তিকে অনুঘটক করে এবং এই অঞ্চলের কর্মশক্তিকে শক্তিশালী করে। আজকের ঘোষণা যোগাযোগ প্রযুক্তির উন্নতির উদ্যোগকে সমর্থন করবে এবং এই অঞ্চলের শীর্ষ স্কুলগুলোকে ক্রমবর্ধমান প্রযুক্তি শিল্পে ক্যারিয়ারের জন্য মেধাবীদের প্রশিক্ষণ দিতে সাহায্য করবে এবং চূড়ান্ত পর্যায়ে ব্যবসার চাহিদা মেটাতে ভালো বেতনের চাকরি তৈরি করবে।"

লং আইল্যান্ড রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের উপ-প্রধান (কো-চেয়ার) এবং বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের চিফ স্ট্র্যাটেজি অ্যান্ড মার্কেটিং অফিসার লিন্ডা আর্মিন বলেছেন, "এই সর্বশেষ পুরষ্কারগুলির মাধ্যমে লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ড আমাদের ইতোমধ্যে ব্যতিক্রমী শিক্ষা এবং প্রযুক্তি সম্পদগুলিকে গড়ে তোলা এবং শক্তিশালী করার মাধ্যমে এই অঞ্চলের উদ্ভাবনী অর্থনীতিকে বাড়িয়ে তুলছে৷ এই কৌশলগত LIIF-জ্বালানি অংশীদারিত্বগুলি আজকের জন্য এবং লং আইল্যান্ডের ভবিষ্যতের জন্য চাকরি এবং সুযোগ তৈরি করতে কাজ করে যাচ্ছে।"

লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) ম্যাট কোহেন বলেছেন, "উদ্ভাবন আমাদের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে এবং উচ্চ-প্রযুক্তি

সুবিধাগুলিতে এই বিনিয়োগগুলি বৈজ্ঞানিক আবিষ্কার এবং কর্মসংস্থান সৃষ্টির কেন্দ্র হিসাবে লং আইল্যান্ড অঞ্চলকে আরো বেশি শক্তিশালী করে তুলবে। আমি আমাদের অঞ্চলের গবেষণা সম্পদের উপর গভর্নরের এই সুদৃষ্টিকে অনেক সাধুবাদ জানাই।"

ফার্মিংডেল স্টেট কলেজ - সেন্টার ফর কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি

LIIF থেকে প্রাপ্ত 30 মিলিয়ন মার্কিন ডলার, ফার্মিংডেল স্টেট কলেজ তার ক্যাম্পাসে 75 মিলিয়ন মার্কিন ডলারের 40,000 বর্গফুটের সেন্টার ফর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজির একটি অবকাঠামো নির্মাণ করবে এবং SUNY কনস্ট্রাকশন ফান্ড থেকে 45 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা (লিভারেজ) করবে। নতুন ভবনটিতে সাতটি প্রোগ্রাম বসানো হবে যা কম্পিউটিং এর অ্যাকাডেমিক ডিভিশনের পাশাপাশি আধুনিক শ্রেণীকক্ষ, শিক্ষার্থীদের একত্রে হওয়ার জায়গা এবং গবেষণা ল্যাব গঠন করবে। এতে আঞ্চলিক ব্যবসায় যুক্ত থাকার জায়গা, লং আইল্যান্ডের অলাভজনক কর্মশক্তি আইটি প্রশিক্ষণের জন্য বেকার এবং কর্মহীন ব্যক্তিদের প্রশিক্ষণের স্থান অন্তর্ভুক্ত করা হবে। প্রতিটি স্থান সৃজনশীলতাকে উৎসাহিত করার জন্য ডিজাইন করা সর্বশেষ ডিজিটাল সহযোগিতা প্রযুক্তির সাথে সজ্জিত করা হবে এবং শিক্ষার্থীদের ও স্থানীয় ব্যবসার মালিকদের উদ্ভাবন এবং ধারণা শেয়ার করার জন্য একসাথে আসার সুযোগ প্রদান করবে।

এই শিক্ষাগত এবং প্রশিক্ষণ কার্যক্রমগুলি টেকসই, ভালো বেতনের চাকরি, অঞ্চল এবং স্টেটের ভবিষ্যত কর্মশক্তি বৃদ্ধিতে সহায়তাকারী প্রস্তুত কর্মীর একটি নতুন প্রজন্ম তৈরি করবে।

লং আইল্যান্ড ইউনিভার্সিটি - কলেজ অভ সায়েন্স অ্যাপ্লাইড রিসার্চ অ্যান্ড ইনোভেশন

LIIF থেকে প্রাপ্ত 10 মিলিয়ন মার্কিন ডলার, লং আইল্যান্ড ইউনিভার্সিটি ব্রুকভিলে LIU এর পোস্ট ক্যাম্পাসে একটি নতুন 40 মিলিয়ন মার্কিন ডলারের কলেজ অভ সায়েন্স অ্যাপ্লাইড রিসার্চ অ্যান্ড ইনোভেশন সুবিধা তৈরি করবে৷ 40,000 বর্গফুটের কলেজ অভ সায়েন্সে কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল ইঞ্জিনিয়ারিং এবং ঔষধ আবিষ্কার এবং উৎপাদনসহ অত্যাধুনিক ক্ষেত্রগুলিতে নতুন মেজার্স তৈরি করবে৷ নতুন ভবনটি যুগান্তকারী লাইফ সায়েন্স গবেষণাকেও সহায়তা করবে এবং এতে প্রযুক্তি ব্যবসা শুরু করার জন্য ইনকিউবেটর এবং অ্যাক্সিলারেটরের জায়গা অন্তর্ভুক্ত থাকবে এবং তারাই ভবনটিতে উদ্ভাবন এবং আবিষ্কারকে বাণিজ্যিকীকরণ করবে, সেইসাথে LIU এর স্কুল অভ ফার্মেসি এবং ভেটেরিনারি মেডিসিন থেকে গবেষণার সুবিধা পাবে।

লাইফ সায়েন্স ইন্ডাস্ট্রি নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি শক্তিশালী সমৃদ্ধির ইঞ্জিনে পরিণত হয়েছে, স্টেটের মূল অঞ্চলগুলিকে গতিশীল লাইফ সায়েন্স হাবে পরিণত করেছে যেখানে গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর এবং বাণিজ্যিকীকরণের বিভিন্ন পর্যায়ে নিযুক্ত অর্গানাইজেশন এবং প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত রয়েছে। LIU এর নতুন সুবিধা এই অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা করবে, কর্মসংস্থান সৃষ্টি করবে, নতুন বৈজ্ঞানিক ও চিকিৎসা হস্তক্ষেপের গবেষণা ও উন্নয়নে অবদান রাখবে এবং লং আইল্যান্ডের ক্রমবর্ধমান লাইফ সায়েন্স অর্থনীতিকে ত্বরান্বিত করবে এবং অত্যাধুনিক বায়োটেক শিল্প খাতে বেসরকারি খাতের বিনিয়োগ আকর্ষণ করবে।

স্টনি ব্রুক ইউনিভার্সিটি - লং আইল্যান্ড কোয়ান্টাম ইন্টারনেট টেস্টবেড
LIIF থেকে প্রাপ্ত 6.5 মিলিয়ন মার্কিন ডলার, ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবের সহযোগিতায় স্টনি ব্রুক ইউনিভার্সিটি একটি নতুন 13 মিলিয়ন মার্কিন ডলারের কোয়ান্টাম ইন্টারনেট টেস্ট বেড নির্মাণ করবে। লং আইল্যান্ড কোয়ান্টাম ইন্টারনেট টেস্টবেড পাঁচটি নোডের একটি নেটওয়ার্ক হবে যা বাণিজ্যিকভাবে উপলভ্য অপটিক্যাল ফাইবার ব্যবহার করে একে অপরের সাথে সংযুক্ত। লং আইল্যান্ড কোয়ান্টাম ইন্টারনেট টেস্টবেডটি লং আইল্যান্ড কোয়ান্টাম ইন্টারনেট সেন্টারের দ্বারা তত্ত্বাবধান করা হবে এবং এটি স্টনি ব্রুক ইউনিভার্সিটিতে অবস্থিত এবং ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবরেটরির সাথে অংশীদারিত্বের মাধ্যমে কাজ করবে। আজকের ইন্টারনেট কার্যক্রমকে ত্বরান্বিত করতে, আমাদের যোগাযোগের নিরাপত্তা উন্নত করতে এবং কম্পিউটার ব্যবহারে নাটকীয় অগ্রগতিকে সক্ষম করে তুলতে সেন্টার নতুন প্রযুক্তিগুলিকে অনুঘটক বানাবে৷

টেলিকমিউনিকেশন এবং ইন্টারনেটের প্রেক্ষাপটে কোয়ান্টাম টেকনোলজির নতুন অ্যাপ্লিকেশনগুলি অনুসন্ধান এবং বাস্তবায়নের জন্য নিয়োজিত গবেষণা দলের সাথে অন্যান্য নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি, পরীক্ষাগার এবং শিল্প অংশীদারদের অন্তর্ভুক্ত করতে সেন্টারটি সমৃদ্ধ হবে। প্রকল্পটি লং আইল্যান্ডকে কোয়ান্টাম ইন্টারনেট প্রযুক্তি বিকাশের একটি বিশ্বব্যাপী কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করবে এবং কোয়ান্টাম ইন্টারনেট প্রযুক্তির বাণিজ্যিকীকরণকে ত্বরান্বিত করার জন্য একটি সহযোগী প্রচেষ্টায় গবেষক, শিক্ষাবিদ, বিনিয়োগকারীদের একত্রিত করবে।

স্টেট সিনেটর আনা এম. কাপলান বলেন, "বেসরকারি খাতের সাথে অংশীদারিত্বে নিউ ইয়র্ক স্টেটের স্মার্ট বিনিয়োগের জন্য ধন্যবাদ, লং আইল্যান্ডের বৈজ্ঞানিক গবেষণা শিল্প ক্রমবর্ধমান এবং সমৃদ্ধ হচ্ছে, আমাদের কমিউনিটির জন্য দুর্দান্ত চাকরি নিয়ে আসছে এবং উদ্ভাবন চালাচ্ছে যা আমাদের বিশ্বকে একটি ভালো জায়গায় পরিণত করবে। আমি এই বছরের বাজেটে লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল অন্তর্ভুক্ত করার জন্য লড়াই করেছি কারণ আমাদেরকে আমাদের সম্প্রদায়ে বুদ্ধিমান বিনিয়োগ করে যেতে হবে যা আমাদের বহু শক্তিকে কাজে লাগায় এবং আমাদের অঞ্চলকে বেসরকারি বিনিয়োগ ও চাকরি সৃষ্টিকারীদের কাছে এখানে অবস্থিত হয়ে স্থানীয়ভাবে তাদের কর্মকাণ্ড সম্প্রসারিত করার জন্য আরো আকর্ষণীয় করে তোলে। আমি রোমাঞ্চিত যে, এই তহবিলের জন্য ধন্যবাদ, আমাদের বিশ্বমানের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলি নতুন সুবিধাগুলিতে বিনিয়োগ করতে সক্ষম হবে যা বৈজ্ঞানিক আবিষ্কারের সীমানাকে প্রসারিত করবে এবং আমাদের অঞ্চলটি আগামী প্রজন্মের জন্য প্রতিযোগিতামূলক থাকবে তা নিশ্চিত করবে।"

নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ ব্রুস ব্লেকম্যান বলেছেন, "আমি গভর্নর হোকলের সাথে এই প্রোগ্রামে যোগ দিতে পেরে আনন্দিত যেটি নাসাউ কাউন্টি এবং সমগ্র লং আইল্যান্ড অঞ্চলের অর্থনীতিকে উপকৃত করবে৷ আমাদের বিশ্ববিদ্যালয়সমূহের সাথে অংশীদারিত্ব এমন একটি বিষয় যা আমাদের অবশ্যই লালন ও সমর্থন অব্যাহত রাখতে হবে এবং আমি তার প্রতিশ্রুতির ব্যাপারে গভর্নরের প্রশংসা করি।"

সাফোক কাউন্টি এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেছেন, "গভর্নর ক্যাথি হোকল তার দৃষ্টিভঙ্গি এবং এই অঞ্চলে বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়ে লং আইল্যান্ডে লাইফ সায়েন্সে অসাধারণ বৃদ্ধির ভিত্তি স্থাপনে সহায়তা করেছেন। গভর্নরের লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ডকে ধন্যবাদ, আমাদের ক্রমাগত অর্থনৈতিক সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ রূপান্তরমূলক প্রকল্পগুলি এগিয়ে যাচ্ছে এবং আমাদের গবেষণা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয় দ্বারা চালিত একটি উদ্ভাবনী ইকোসিস্টেমকে উন্নত করছে।"

লং আইল্যান্ড ইউনিভার্সিটির প্রেসিডেন্ট কিম্বার্লি আর. ক্লাইন বলেন, "এই রূপান্তরমূলক বিনিয়োগ একটি নেতৃস্থানীয় জাতীয় গবেষণা প্রতিষ্ঠান হিসেবে লং আইল্যান্ড ইউনিভার্সিটি (LIU) এর প্রোফাইলকে উন্নত করে চলেছে এবং লং আইল্যান্ডের গবেষণা করিডোর তৈরিতে গভর্নর হোকলের প্রচেষ্টাকে সমর্থন করে। নিউ ইয়র্ক স্টেটের সহায়তায়, LIU সম্প্রতি কার্নেগি শ্রেণীবিভাগ দ্বারা একটি উচ্চ গবেষণা কার্যকলাপের বিশ্ববিদ্যালয় হিসাবে স্বীকৃত হয়েছে, এমন একটি উপাধি যা দেশব্যাপী মাত্র 7 শতাংশ বিশ্ববিদ্যালয়ে পৌঁছেছে। আমাদের নতুন কলেজ অভ সায়েন্স অ্যাপ্লাইড রিসার্চ অ্যান্ড ইনোভেশন ফ্যাসিলিটি নতুন বৈজ্ঞানিক ও চিকিৎসা ক্ষেত্রে যুগান্তকারী উদ্ভাবনের জন্য লাইফ সায়েন্স এবং বৈশ্বিক অংশীদারিত্বের ক্ষেত্রে LIU এর শক্তিকে কাজে লাগাবে।"

স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক ফার্মিংডেলের প্রেসিডেন্ট জন নাদের বলেছেন, "গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন, LIREDC এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটিকে ধন্যবাদ, লং আইল্যান্ডের ডিজিটাল ভবিষ্যতে একটি রূপান্তরমূলক বিনিয়োগের জন্য ফার্মিংডেলের দীর্ঘদিনের দৃষ্টিভঙ্গি বাস্তবে পরিণত হবে। এটি একটি বিল্ডিং প্রকল্পের চেয়ে অনেক বেশি। সেন্টার ফর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি সিস্টেম আগামী বহু বছর ধরে লং আইল্যান্ডের উচ্চ প্রযুক্তির কর্মীদের চাহিদা পূরণ করবে।"

স্টনি ব্রুক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট মাউরি ম্যাকইনিস বলেন, "একটি ফ্ল্যাগশিপ প্রতিষ্ঠান হিসেবে, আমরা স্বীকার করি যে কোয়ান্টাম ইন্টারনেট তৈরি করা আমাদের সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রযুক্তিগত সীমানার মধ্যে একটি। স্টনি ব্রুক ইউনিভার্সিটি এবং ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবরেটরি এই ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত নেতা, নিউ ইয়র্ক স্টেট এই কাজের অগ্রভাগে রয়েছে তা নিশ্চিত করার দৃষ্টিভঙ্গি এবং বৈজ্ঞানিক দক্ষতার মাধ্যমে। আমরা এই রূপান্তরমূলক বিনিয়োগের জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের কাছে কৃতজ্ঞ যা লং আইল্যান্ডকে কোয়ান্টাম নেটওয়ার্কিংয়ের ভবিষ্যৎ কেন্দ্রস্থল হতে সক্ষম করবে, শেষ পর্যন্ত অর্থনীতিকে উদ্দীপিত করবে এবং চাকরি তৈরি করবে।"

ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবরেটরির ডিরেক্টর জুন গিবস বলেছেন, "একটি ব্যাপক কোয়ান্টাম-ভিত্তিক বৈশ্বিক যোগাযোগ নেটওয়ার্ক তৈরি করা - একটি কোয়ান্টাম ইন্টারনেট - 21 শতকের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং রূপান্তরকারী প্রযুক্তিগত অগ্রগতির মধ্যে একটি হওয়ার সম্ভাবনা রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের লং আইল্যান্ড ইনভেস্টমেন্ট ফান্ডের এই অর্থায়ন পুরস্কার ব্রুকহেভেন ল্যাব এবং স্টনি ব্রুক ইউনিভার্সিটিকে সাহায্য করবে যে টুলস এবং সক্ষমতা

গবেষকদের বৃহৎ আকারের কোয়ান্টাম এনট্যাঙ্গলমেন্ট ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ককে বাস্তবে পরিণত করার জন্য প্রয়োজন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418